# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 10-08-2025** **Time: 7.50 PM.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তিনটি বন্দেভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেছেন।

শিয়ালদা ও রানাঘাটের মধ্যে রাজ্যের প্রথম বাতানুকূল ইএমইউ লোকাল ট্রেন আজ চালু হয়েছে।

২) নবান্ন অভিযানে অভয়ার মায়ের ওপর হামলা নিয়ে রাজনৈতিক টানাপোড়েন। বিজেপি এই ঘটনার তীব্র নিন্দা করেছে। পুলিশ কমিশনার জানিয়েছেন, এই ঘটনা অনভিপ্রেত এবং বিস্তারিত তদন্ত করা হবে।

৩) একটানা ভারী বৃষ্টিতে বীরভূমের তিলপাড়া ব্যারেজ ক্ষতিগ্রস্ত, মেরামতির কাজ চলছে। মালদা, পূর্ব বর্ধমান এবং মূর্শিদাবাদে বহু এলাকা জলমগ্ন।

৪) সক্রিয় মৌসুমী অক্ষরেখা জলপাইগুড়ির ওপর দিয়ে বিস্তৃত হওয়ার কারণে আগামী তিন দিন উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

৫) দক্ষিণ কলকাতার বালিগঞ্জের এক অভিজাত আবাসনে হাইকোর্টের এক আইনজীবীর রহস্যজনক মৃত্যু।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বেঙ্গালুরুতে <u>নামমা মেট্রোর</u> তৃতীয় পর্যায়ের উদ্বোধন করেন।

তিনি বলেন ২০১৪-য় তার সরকার ক্ষমতায় আসার আগে ভারত ১০-টি আর্থিকভাবে দুর্বল দেশের মধ্যে থাকলেও বর্তমানে ভারত পঞ্চম বৃহত্তম দ্রুততম অর্থনীতির দেশ। এই প্রসঙ্গে তিনি দেশের অগ্রগতির পরিসংখ্যানও তুলে ধরেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

এছাড়া প্রধানমন্ত্রী আজ তিনটি বন্দেভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেন। ব্যাঙ্গালুরুর KSR-র রেল স্টেশন থেকে তিনি এই বন্দেভারতগুলির যাত্রা শুরুর সংকেত দেন। এই ট্রেনগুলি হল ব্যাঙ্গালুরু থেকে বেলাগাভী, মাতা বৈষ্ণদেবী কাটরা থেকে অমৃতসর এবং নাগপুর থেকে পুনে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে প্রথম বাতানুকূল ই এম ইউ লোকাল ট্রেনের আজ সূচনা হল। দুই কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর, পতাকা নাড়িয়ে শিয়ালদহ থেকে রানাঘাট এই ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। তাদের সঙ্গে ছিলেন বিজেপি-র রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য, সাংসদ জগন্নাথ সরকার পূর্ব রেলের জেনারেল ম্যানেজার Milind Deouskar ও শিয়ালদার DRM রাজীব সাক্সসেনা। আগামীকাল থেকে বাণিজ্যিকভাবে এই AC EMU ট্রেন পরিষেবা শুরু হচ্ছে।

এই উপলক্ষে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, ২০১৪-য় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার পর থেকে সারা দেশের সঙ্গে এরাজ্যেও রেলের ব্যাপক উন্নয়ন হয়েছে।

(বাইট – সুকান্ত)

সাংসদ ও বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বিনা টিকিটে ট্রেনে চড়ার অভ্যাস ত্যাগ করে টিকিট কেটে ট্রেনে চড়ার জন্য রেল যাত্রীদের প্রতি অনুরোধ করেন। শিয়ালদা - রানাঘাটের পর শিয়ালদা বনগাঁ সেকশনে এসি EMU লোকাল চালু হওয়ার ইঙ্গিত দেন।

(বাইট – শমিক)

উল্লেখ্য, বাতানূকুল এই EMU লোকাল রানাঘাট থেকে সকাল ৮ টা ২৯ মিনিটে ছেড়ে ট্রেনটি শিয়ালদহে পৌঁছবে সকাল ১০ টা বেজে ১০ মিনিটে। ফিরতি পথে ট্রেনটি ৬টা ৫০ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে রানাঘাট পৌঁছবে রাত ৮টা ৩২ নাগাদ।

শিয়ালদহ থেকে ছাড়ার পর ট্রেনটি থামবে - বিধাননগর, দমদম জংশন, সোদপুর, খড়দা, ব্যারাকপুর, নৈহাটি, কাঁচরাপাড়া, কল্যাণী ও চাকদহ স্টেশনে। ট্রেনটির সর্বনিম্ন ভাড়া ৩৫ টাকা এবং সর্বোচ্চ ১২০ টাকা ধার্য করা হয়েছে। দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক টিকিটের ব্যবস্থা থাকছে। মহিলাদের জন্য গাড়ির দুই প্রান্তে একটি করে মোট দুটি কোচ থাকবে। এছাড়া , দিব্যাংগ ও সিনিয়র সিটিজেন দের জন্য যথারীতি আসন সংরক্ষিত থাকবে। অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন এই ট্রেনের অভ্যন্তর ভাগ এন্ড - টু - এন্ড ভেস্টিবুলযুক্ত। পুরো রেক সিসিটিভি নজরদারির আওতায় এবং জরুরি পরিস্থিতে চালক বা গার্ডের সঙ্গে যোগাযোগ করতে টক ব্যাক সুইচ দেওয়া হয়েছে। ট্রেনের যাত্রা পুরোদমে আরম্ভ হলে নিত্য যাত্রীদের ভিড় সামাল দেওয়া ও গরমের সময় রেলযাত্রীদের কষ্ট লাঘব হবে।

এই EMU লোকাল পরিষেবার জন্য শিয়ালদা ডিভিশনের হাতে দুটি রেক ইতিমধ্যে এসে পৌঁছেছে। প্রাথমিক ভাবে ১ টি রেক দিয়ে এই পরিষেবা চালানো হবে। পরে যাত্রীদের চাহিদা বৃদ্ধি পেলে রেকের সংখ্যা বাড়ানো হবে বলে রেল সূত্রের খবর। মুম্বাই ও চেন্নাই এর পর পূর্ব ভারতে এই প্রথম AC EMU লোকাল ট্রেন পরিষেবা চালু হলো।

oooooooooooooooooooo

নবান্ন অভিযানের সময় অভয়ার মায়ের উপর পুলিশের আক্রমণের তীব্র নিন্দা করেছে বিজেপি। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ এক্স হ্যান্ডেলে বলেন, পুলিশের এই আচরণ বর্বরোচিত, লজ্জাজনক ও গণতন্ত্রবিরোধী। তিনি অভয়ার পরিবারের পাশে থাকার ও অন্যায়ের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার আশ্বাস দেন।

এর আগে তিনি হাসপাতালে চিকিৎসাধীন অভয়ার মাকে দেখতে যান।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে এক পোস্টে বলেন, গতকাল নবান্ন অভিযানে আন্দোলনকারীদের উপর পুলিশের নির্মম অত্যাচার সকলেই প্রত্যক্ষ করেছে। জাতীয় পতাকাকেও অবমাননা করা হয়েছে। ইতিমধ্যেই পুলিশ কমিশনার মনোজ ভর্মা সহ বেশ কিছু পুলিশ কর্মীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে বলে তিনি জানান।

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ অভয়ার বাবা - মায়ের উপর আক্রমণের ঘটনায় দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও ফৌজদারি মামলা করার দাবি জানিয়েছে। আজ এক বিবৃতিতে সংগঠনের তরফে এই দাবির পাশাপাশি তিলোত্তমার মৃত্যুর দ্রুত ও স্বচ্ছ বিচার করে প্রকৃত দোষীদের মৃত্যু দন্ড দেওয়ারও দাবি জানানো হয়েছে।

এদিকে, তৃনমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, অভয়ার বাবা মা এতদিন ধরে এত মিটিং মিছিলে গেছেন। বিজেপির মিছিলে গিয়েই কেন এমন হল তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

উল্লেখ্য, আজই হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন আরজি করে নির্যাতিতা তরুণী চিকিৎসকের মা।

oooooooooooooooooooo

নবান্নে গতকালের ঘটনায় এখনো পর্যন্ত মোট সাতটি মামলা রুজু হয়েছে , তবে কাউকে এখনও গ্রেপ্তার করা হয়নি বলে কলকাতার নগরপাল মনোজ ভার্মা

জানিয়েছেন। তিনি ওই ঘটনায় আহত পাঁচ পুলিশ কর্মীর অন্যতম কনষ্টেবল প্রশান্ত পোদ্দার কে দেখতে আজ সকালে এসএসকেএম-এর ট্রমা কেয়ার সেন্টারে যান। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পুলিশ কমিশনার জানান, সমস্ত ফুটেজ তাঁরা খতিয়ে দেখছেন, কে বা কারা হাইকোর্টের অর্ডার অমান্য করেছে তাও খতিয়ে দেখা হচ্ছে। ক্যামেরা সহ বিভিন্ন অ্যাঙ্গেলের ফুটেজ খতিয়ে দেখে দোষীদের চিহ্নিত করার চেষ্টা চলেছে।।

(বাইট – মনোজ ভর্মা)

oooooooooooooooooooo

এরাজ্যে হর ঘর জল অর্থাৎ নলবাহিত পানীয় জল প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে না বলে অভিযোগ করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। নদীয়ার কল্যাণীতে আজ এক সাংবাদিক বৈঠকে এনিয়ে অসন্তোষ প্রকাশ করেন তিনি।

(বাইট-শান্তনু)

এর আগে কল্যাণীর এইমসে মেরা যুব ভারত নদিয়ার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কর্মসূচি সম্পর্কে যুবক যুবতীদের অবহিত করতে এক কর্মশিবিরের আয়োজন করা হয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে আড়াইশোরও বেশি তরুণ এতে অংশ নেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

oooooooooooooooooo

স্পটলাইট-এ এবারের বিষয় বর্তমান সময়ে ভারতের অর্থনীতি এবং বিশ্ব রাজনীতি। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। অধ্যাপক অনিক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ।

oooooooooooooooo

টানা ভারী বৃষ্টির জেরে বীরভূমের ময়ূরেশ্বর নদীর উপরে তিলপাড়া ব্যারাজ গুরুতর কাঠামোগত ক্ষতির মুখে পড়েছে। সেচ দফতর গতকাল থেকে জরুরী মেরামতিরও কাজ শুরু করেছে। আইআইটি রূড়কির ব্যারাজ বিশেষজ্ঞ জুলফিকার আহমেদ ও বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিদের উপস্থিতিতে কেন্দ্রীয় জল কমিশনের একটি দল আজ এই ব্যারাজ পরিদর্শন করে।

এদিকে, রাজ্যের সেচমন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন, ব্যারাজে অস্থায়ী মেরামতির কাজের জন্য মার্চ মাসে ২১ কোটি টাকা বরাদ্দ হয়েছিল এবং জুলাইয়ের মধ্যে কাজ শেষ করার লক্ষ্য ছিল। কিন্তু ভারী বৃষ্টির জন্য কাজ থমকে যায় এবং ডিভাইডারগুলিতে নতুন করে ফাটল দেখা দেয়।

উল্লেখ্য, পরিস্থিতি গুরুতর হওয়ায় ১ আগস্ট থেকে ব্যারাজের উপর সেতু দিয়ে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে, ফলে স্থানীয়দের যাতায়াতে অসুবিধা হচ্ছে।

oooooooooooooooo

মালদার মানিকচকের গোপালপুরের উত্তর ও দক্ষিণ হুকুমতটোলা, ঈশ্বরটোলা সহ সংলগ্ন এলাকা প্রায় ৫-৬ দিন ধরে জলমগ্ন। এলাকাবাসীর অভিযোগ, জলবন্দী হয়ে পড়ায় তীব্র খাদ্য সঙ্কট দেখা দিয়েছে। জমা জলে সাপ ও পোকামাকড়ের উপদ্রবে নাজেহাল অবস্থা। কিন্তু কোনোরকম প্রশাসনিক সাহায্য মিলছে না বলে তাঁদের অভিযোগ।

এদিকে, ভাগীরথীর জল বাড়তেই পূর্ব বর্ধমানের কাটোয়ার অগ্রদ্বীপ পঞ্চায়েতের চর বিষ্ণুপুর এলাকায় শুরু হয়েছে নদী ভাঙ্গন। নদীপাড়ের মাটি ধসে পড়ায় আতঙ্কে

রয়েছেন বাসিন্দারা। এর আগেও ভাঙ্গনের জেরে একে একে তলিয়ে গিয়েছে বসতবাড়ি, ভিটে মাটি, বিঘার পর বিঘা চাষের জমি, নদীর পাড়ের গাছপালা, রাস্তা। জেলাপরিষদের সদস্য নিমাই সুন্দর মুখোপাধ্যায় জানিয়েছেন, ভাঙন রোধে খুব শীঘ্রই কাজ শুরু হবে।

অন্যদিকে, মুর্শিদাবাদের ভরতপুর ১ নম্বর ব্লকের সিজগ্রাম পঞ্চায়েতের পল্লিশ্রী এবং কুলুপুকর গ্রাম গত সাত দিন ধরে বন্যার জলে ডুবে থাকলেও প্রশাসনিক সাহায্য মেলেনি বলে অভিযোগ উঠেছে। বাবলা নদীর জল গ্রামে ঢুকে পড়ায় রাস্তাঘাট জলমগ্ন। প্লাবিত হয়েছে চাষে জমিও। বাজারহাট থেকে শুরু কর হাসপাতালে জরুরি প্রয়োজনে দুটি গ্রামের মানুষকেই নৌকা নিয়ে যাতায়াত করতে হচ্ছে।

শিলিগুড়ি পুরনিগমের একাধিক ওয়ার্ড বৃষ্টিতে জলমগ্ন। বাসিন্দারা সমস্যায় পড়েছেন।

oooooooooooooooooooo

সক্রিয় মৌসুমী অক্ষরেখা জলপাইগুড়ির ওপর দিয়ে বিস্তৃত হওয়ার কারণে আগামী তিন দিন উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী দুদিন বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে ১২ তারিখ থেকে উপকূলীয় জেলাগুলিতে আবার বৃষ্টি বাড়তে পারে।

oooooooooooooooooooo

দক্ষিণ কলকাতার বালিগঞ্জের এক অভিজাত আবাসনের চারতলার জানালা থেকে পড়ে কৌস্তভ দাস নাম হাইকোর্টের এক আইনজীবীর রহস্যজনক মৃত্যু হয়েছে। তাঁর বয়স ৫২ বছর। পুলিশ ঘটনার তদন্তে নেমে আবাসনের অন্যান্য বাসিন্দাদের জিজ্ঞাসাবাদ করছে। মাস দু-এক আগে তাঁর স্টেন্ট বসানো হয়েছিল বলে জানা গেছে। এটি দুর্ঘটনা, নাকি এর পেছনে অন্য কোন কারণ আছে, পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০০০০০০০

মালদার বৈষ্ণনগর এলাকা থেকে এক বাংলাদেশী যুবককে গ্রেফতার করা হয়েছে। জুয়েল রানা নামে ধৃতের বাড়ি বাংলাদেশের চাঁপাই নবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার সাহা পাড়ায়। কালিয়াচক ৩ নম্বর ব্লকের সাবদালপুর এলাকায় আন্তর্জাতিক সীমান্ত বে-আইনীভাবে লঙ্ঘন করে সে ভারতে ঢুকে ছিল। গরু চুরি ও পাচার, তার উদ্দেশ্য ছিল বলে পুলিশের অনুমান। ধৃতকে আজ আদালতে তোলা হলে ৫ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলে আজ গ্রুপ এ-র শেষ ম্যাচে ইস্টবেঙ্গল, ইন্ডিয়ান এয়ারফোর্স এর মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ইস্টবেঙ্গল ২-১ গোলে এগিয়ে রয়েছে।

ইস্টবেঙ্গলের পক্ষে আহাদাদ ও বিপিন এবং এয়ারফোর্সের পক্ষে অমন খান গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০